

র দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ নামায রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

সিজদায় কি কুরআনী দু'আ করা যায়?

সিজদায় কুরআনের আয়াত পড়া নিষেধ। কিন্তু মুনাজাতের দু'আ হিসেবে পড়লে তাতে দোষ নেই। ২১৭ 'আমাকে সিজদায় কুরআন পড়তে নিষেধ করা হয়েছে' যেমনি আম, তেমনি 'তোমরা সিজদায় বেশি বেশি দু'আ কর' নির্দেশও আম। তাতে কুরআনী ও হাদিসী সব রকম দু'আই করা যাবে। যারকাশী (রাহিমাহুল্লাহ) বলেছেন, "সিজদায় কুরআন পড়া মাকরুহ তখন, যখন কিরাআতের উদ্দেশ্যে তা পড়া হবে। পক্ষান্তরে তা যদি দু'আ অথবা (আল্লাহ্র) প্রশংসা হিসেবে পড়া হয়, তাহলে তা কুরআনী আয়াত দিয়ে কুনৃত পড়ার মত হওয়া উচিৎ।"২১৮

ফুটনোট

২১৭ (ইবনে ঊষাইমীন), ২১৮ (হাশিয়াতু ইবনিল আবেদীন ১/৪৪০, হাশিয়াতুদ দুসূকী আলাশ শারহিল কাবীর ১/২৫৩, মাজমূ ৩/৪১৪)

Source — https://www.hadithbd.com/books/link/?id=157

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন